গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.০০০.০৭৩.১১.০০০৯.২৫-২৮৫

তারিখ: ০২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

নিয়োগ আদেশ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২৭ মে ২০২৫ তারিখের ০৯.০০.০০০০.০০০.০৭৩.১১.০০০৯.২৫.১৬০ নম্বর স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অপেক্ষমকা তালিকা হতে 'বিভাগীয় নির্বাচন কমিটি'র সুপারিশক্রমে নিম্নবর্ণিত ০২ (দুই) জন প্রার্থীকে **'সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর'** পদে জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুসারে ১৩তম গ্রেডের ২৪০০০-৫৮০০০/- টাকার বেতন স্কেলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম, মাতা ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
১	১২০০৩৫৭৬	জনাব হাবিবুর রহমান পিতা: আবুল কালাম খান মাতা: হুনুফা বেগম	গ্রাম: রাউতবাড়ী ডাকঘর: গোবিন্দাসী উপজেলা: ভূয়াপুর জেলা: টাঙ্গাইল
২	১২০০৩৬৩৮	মিজ রোমানা আক্তার পিতা: মোঃ শামস উদ্দীন মাতা: হাসনা বেগম	গ্রাম: পলিশা ডাকঘর: তারাকান্দি উপজেলা: সরিষাবাড়ী জেলা: জামালপুর

AP1
18.10.2026

০২। **শর্তাবলি :**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ আদেশ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(খ) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র এবং জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ছায়ালিপি এবং নিয়োগ আদেশের মূলকপি দাখিল করতে হবে।

(গ) চাকরিতে যোগদানের পর দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে।

(ঘ) নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক ডোপটেস্টসহ শারীরিক যোগ্যতা সম্পর্কিত স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে।

(ঙ) এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে। চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে।

(চ) The Government Servants (Conduct) Rules, 1979-এর ১৩(১) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে তার স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে।

(ছ) যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনায় তার শিক্ষানবিশ মেয়াদকাল আরো দুই বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবে।

(জ) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঝ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারিকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(ঞ) জেলার স্থায়ী নাগরিক বিষয়টি সুনিশ্চিত করার জন্য প্রার্থীগণ উপজেলা নির্বাহী অফিসার (সিটি কর্পোরেশনভুক্ত এলাকার জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা) কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত নাগরিকত্ব সনদপত্র যোগদান পত্রের সাথে দাখিল করবেন।

(ট) চাকরিরত/বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করবেন।

(ঠ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। প্রার্থীগণ আগামী ০৫ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বরাবর যোগদানপত্র দাখিল করবেন এবং যোগদানপত্র দাখিলের পর প্রশাসন-২ শাখায় (ভবন-১০, কক্ষ-২৫) রিপোর্ট করবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

১৮/১০/২০২৬

ইফতেখার ইউনুস
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৮১১৩০৯৪
ইমেইল: admin2@erd.gov.bd

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.০০০.০৭৩.১১.০০০৯.২৫-২৮৫

তারিখ: ০২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৩। সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা............................ (স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন দেয়ার অনুরোধসহ)
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন সেগুনবাগিচা, ঢাকা
৬। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন সেগুনবাগিচা, ঢাকা
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন, আইসিটি ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৯। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১০। জনাব ....।
১১। সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।

১৮/১০/২০২৬

ইফতেখার ইউনুস
সিনিয়র সহকারী সচিব